# সমাজ কল্যাণ ও সমাজসেবা সম্পর্কিত স্থায়ী কমিটি, বকশীগঞ্জ, জামালপুর এর সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মাসুমা ইয়াসমীন স্মৃতি
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বকশীগঞ্জ, জামালপুর।
সময় : বেলা ১২.০০ ঘটিকা।
স্থান : উপজেলা সম্মেলন কক্ষ, বকশীগঞ্জ, জামালপুর।
তারিখ : ০৪/১২/২০২৩ ইং

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট-'ক'**

সভাপতি উপস্থিত সকল সম্মানীত সদস্যকে স্বাগতম ও আন্তরিক শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বকশীগঞ্জ, জামালপুর সভার কাজ পরিচালনা করেন। সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বকশীগঞ্জ, জামালপুর উপজেলা সমাজসেবা কার্যালয়ের মাধ্যমে সমাজ কল্যাণ মন্ত্রণালয় ও সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন কর্মসূচি তুলে ধরেন। সভায় যে সকল বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় তা নিম্নে তুলে ধরা হলো-

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | সামাজিক নিরাপত্তা কর্মসূচি | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচির অংশ হিসেবে ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত বকশীগঞ্জ উপজেলায় বয়স্ক ভাতাভোগীর সংখ্যা ১১৭৩৭ জন, বিধবা ও স্বামী নিগৃহিতা মহিলা ভাতাভোগীর সংখ্যা ৫৫৬৩ জন, অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীর সংখ্যা ৩৪১৯ জন, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা ৭৪৫ জন, অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় বিশেষ বয়স্ক ভাতাভোগীর সংখ্যা ১১১ জন, অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা ৫৩ জন, হিজড়া জনগোষ্ঠী জীবন মান উন্নয়ন কর্মসূচির আওতায় হিজড়া ভাতাভোগীর সংখ্যা ২১ জন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষনা অনুসারে শতভাগ বয়স্ক ও বিধবা ভাতা প্রদান কার্যক্রম সমাপ্ত হয়েছে। মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভাতার টাকা পরিশোধের জন্য সকল ভাতাভোগীর এমআইএস কার্যক্রম সমাপ্ত হয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম শেষ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা কার্যালয়, বকশীগঞ্জ, জামালপুর। |
| ০২ | পল্লী দারিদ্র বিমোচন কর্মসূচী | পল্লী দারিদ্র বিমোচন কর্মসূচির আওতায় আরএসএস নতুন প্রকল্পে ৬৭,৫০,০০০/- টাকা, আরএসএস পুরাতন প্রকল্পে ৩১,৫৪,৫৫০/- টাকা, পল্লী মাতৃকেন্দ্রে ২০,৩৫,০০০/- টাকা, এসিড দগ্ধ মহিলা ও শারীরিক প্রতিবন্ধী প্রকল্পে ১৩,৭৭,৮০০/- টাকা এবং আশ্রয়ন প্রকল্পে ৩,৯২,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। উক্ত প্রকল্প সমূহের মধ্যে কিছু স্কীমে নিয়মিত ঋণ আদায় হচ্ছে না। | নিয়মিত ঋণ আদায়ের বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা কার্যালয়, বকশীগঞ্জ, জামালপুর। |
| ০৩ | উপজেলা সমাজকল্যাণ পরিষদ | উপজেলা সমাজ কল্যাণ পরিষদের অর্থায়ণে করোনা কালীন সময়ে ১৫০ জন কর্মহীন মহিলাকে প্রত্যেককে ২০০০/- টাকা করে অনুদান প্রদান করা হয়। এছাড়া সময়ে সময়ে গরীব দুস্থ্য অসহায় মানুষের আবেদনের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, বকশীগঞ্জ, জামালপুর মহোদয়ের সুপারিশক্রমে প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদান করা হয়। | যাচাই বাছাই অন্তে প্রকৃত সাহায্য প্রার্থীকে অনুদান প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, বকশীগঞ্জ, জামালপুর। |
| ০৪ | রোগী কল্যাণ সমিতি | ২০২২-২০২৩ অর্থ বছরে রোগী কল্যাণ সমিতি, বকশীগঞ্জ, জামালপুর হতে মোট ১৪৫ জন রোগীকে তাদের প্রয়োজনীয় ঔষধ বিনামূল্যে প্রদান করা হয়। | অসহায় রোগীকে রোগী কল্যাণ সমিতি থেকে সহায়তা প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, বকশীগঞ্জ, জামালপুর। |

চলমান পাতা-০২

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | ক্যাপিটেশন গ্র্যান্ড প্রাপ্ত এতিমখানা | বকশীগঞ্জ উপজেলা মালিরচর হাজীপাড়ায় অবস্থিত আমেনা খাতুন এতিমখানার ০৮ জন এবং আলহাজ ফিরোজা বেগম এতিমখানার ০৫ জন এতিম শিশুকে খাদ্য, বস্ত্র ও চিকিৎসা এবং অন্যান্য খরচ বাবদ জন প্রতি ২০০০/- টাকা করে ক্যাপিটেশন প্রদান করা হয়। | প্রতিমাসে কমপক্ষে একবার এতিমখানা পরিদর্শন করে সার্বিক খোজ খবর নেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, বকশীগঞ্জ, জামালপুর। |
| ০৬ | উপজেলা সমাজসোবা কার্যালয়, বকশীগঞ্জ, জামালপুর এর সৌন্দর্য্য বর্ধন | উপজেলা মডেল মসজিদ নির্মিত হওয়ার কারণে উপজেলা সমাজসেবা কার্যালয়ের পূর্ব পার্শ্বের অর্ধেক অংশ ভাঙ্গা পড়ে। সমাজসেবা অধিদপ্তরের অর্থায়ন ও উপজেলা পরিষদের সহযোগিতায় অফিস ভবণটি পূণ:নির্মাণ করা হয়। বাজেট শেষ হয়ে যাওয়ার কারণে ভবণটির রংকরণ ও সিলিং স্থাপন এবং আনুষাঙ্গিক সৌন্দর্য্য বর্ধনের জন্য উপজেলা পরিষদের আর্থিক সহায়তা প্রয়োজন। | স্থায়ী কমিটির সভাপতি উক্ত সৌন্দর্য্য বর্ধণের জন্য উপজেলা পরিষদ হতে অর্থায়ণ করার জন্য সুপারিশ করেন। | উপজেলা সমাজসেবা অফিসার, বকশীগঞ্জ, জামালপুর এবং উপজেলা পরিষদ, বকশীগঞ্জ, জামালপুর। |
| ০৭ | ভিক্ষুক পূনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচি | ভিক্ষুক পূনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান কর্মসূচির আওতায় ২০২২-২০২৩ অর্থ বছর পর্যন্ত ২৬ জন ভিক্ষুককে বিভিন্নভাবে পূণর্বাসন ও বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়। | প্রকৃত ভিক্ষুককে খোজে বের করে তাদের পূণর্বাসনের সুপারিশ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, বকশীগঞ্জ, জামালপুর। |
| ০৮ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | উপজেলা সমাজসেবা কার্যালয়, বকশীগঞ্জ, জামালপুর এর আরএসএস,আরএমসি, দগ্ধ ও প্রতিবন্ধী ঋণ গ্রহিতাদের ঋণের টাকা সঠিক ব্যবহার ও আর্থ সামাজিক উন্নয়নের জন্য দক্ষতা উন্নয়ন মূলক প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। | জাইকা'র অর্থায়নে এক/একাধিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানের সুপারিশ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, বকশীগঞ্জ, জামালপুর এবং উপজেলা পরিষদ, বকশীগঞ্জ, জামালপুর এবং জাইকা। |

উক্ত সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(মাসুমা ইয়াসমীন স্মৃতি)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
সমাজ কল্যাণ ও সমাজসেবা সম্পর্কিত স্থায়ী কমিটি,
বকশীগঞ্জ, জামালপুর।

স্মারক নং-৪১.০১.৩৯০৭.০০০.৯৯.০০২.২২

তারিখ:

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বকশীগঞ্জ, জামালপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, বকশীগঞ্জ, জামালপুর।
৩। চেয়ারম্যান, ০৭ নং মেরুরচর ইউনিয়ন পরিষদ, বকশীগঞ্জ, জামালপুর-সদস্য।
৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বকশীগঞ্জ, জামালপুর-সদস্য।
৫। উপজেলা সমবায় অফিসার, বকশীগঞ্জ, জামালপুর-সদস্য।
৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বকশীগঞ্জ, জামালপুর-সদস্য।
৭। জনাব মোঃ হামিদুর রহমান, বিশিষ্ঠ সমাজসেবক, বকশীগঞ্জ, জামালপুর-সদস্য।
৮। অফিস কপি।

০৪/১২/২২

(মোহাম্মদ হাবিবুর রহমান)
উপজেলা সমাজসেবা কর্মকর্তা
বকশীগঞ্জ, জামালপুর।

CamScanner